# UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)
# ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

**Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.**

**Email. updfcht@gmail.com Website: www.updfcht.com**


***Ref:*** ***Date:*** *২০ জুলাই ২০২৫*

প্রেস বিজ্ঞপ্তি

## খাগড়াছড়ির ভাইবোনছড়ায় ধর্ষণ-বিরোধী বিক্ষোভে সাংবাদিকসহ অংশগ্রহণকারীদের ওপর হামলার নিন্দা

খাগড়াছড়ির ভাইবোনছড়ায় ১৪ বছর বয়সী স্কুলছাত্রীকে দলবদ্ধ ধর্ষণের প্রতিবাদে 'সাধারণ শিক্ষার্থী ও যুব সমাজের' আয়োজিত শান্তিপূর্ণ বিক্ষোভে নিরাপত্তা বাহিনীর হামলায় সাংবাদিক মিলন ত্রিপুরাসহ বেশ কয়েকজন অংশগ্রহণকারী জখম হওয়ার ঘটনায় তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছে ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।

আজ ২০ জুলাই ২০২৫, রবিবার সংবাদ মাধ্যমে দেয়া এক বিবৃতিতে ইউপিডিএফের মুখাপাত্র অংগ্য মারমা উক্ত হামলাকে অত্যন্ত ন্যাক্কারজনক ও সংবিধান-স্বীকৃত মৌলিক অধিকারের চরম লঙ্ঘন বলে মন্তব্য করেন এবং অবিলম্বে হামলায় জড়িতদের বিরুদ্ধে আইনানুগ শাস্তি এবং আহতদের ক্ষতিপূরণ ও সুচিকিৎসার দাবি জানান।

বিনা উস্কানিতে ১৭ জুলাইয়ের (২০২৫) উক্ত হামলায় ডিবিসি নিউজের খাগড়াছড়ি জেলা প্রতিনিধি মিলন ত্রিপুরা, গ্রামবাসী জগত শান্তি চাকমা, মুক্তিবাবু ত্রিপুরা (পিতা কানুংচান ত্রিপুরা), সুনয়ন ত্রিপুরা, শিবা ত্রিপুরা (পিতা হরিপদ ত্রিপুরা) ও সৌরভ ত্রিপুরা আহত হন বলে তিনি জানান।

অংগ্য মারমা বলেন, নিরাপত্তা বাহিনীর সদস্যরা পেশাগত দায়িত্ব পালনের কারণে সাংবাদিক মিলন ত্রিপুরাকে ডেকে নিয়ে ব্যাপক মারধর করে এবং তার তোলা বিক্ষোভের ছবি ক্যামেরা থেকে মুছে ফেলতে বাধ্য করে।

ইউপিডিএফ মুখপাত্র মনে করেন কিশোরীর ধর্ষকদের রক্ষা করতে একটি রাজনৈতিক দলের স্থানীয় নেতার নির্দেশে উক্ত বর্বরোচিত হামলা চালানো হয়েছে।

বার্তা প্রেরক

**নিরন চাকমা**
প্রচার ও প্রকাশনা বিভাগ
ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।